

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
শুঞ্জলা শাখা

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০১৮.১৮-০২

তারিখঃ ০৬/০১/২০১৯ খ্রি.

বিষয়ঃ ডাঃ জোবায়দা পারভীন, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), ফরিদগঞ্জ, চাঁদপুর (মুন্সীগঞ্জ জেলার সিরাজদিখান উপজেলায় কর্মকালীন)-এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের ভিত্তিতে 'সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) মোতাবেক 'অসদাচরণ (Misconduct)'-এর দায়ে বিভাগীয় মামলা রুজু।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ জোবায়দা পারভীন, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), ফরিদগঞ্জ, চাঁদপুর (মুন্সীগঞ্জ জেলার সিরাজদিখান উপজেলায় কর্মকালীন) বিগত ২৫/০২/২০১৬, ০৫/০৫/২০১৬, ১৫/০৫/২০১৬, ০৫/০৬/২০১৬ এবং ৩১/০৭/২০১৬ তারিখে উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, মুন্সীগঞ্জ কর্তৃক সিরাজদিখান উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় পরিদর্শনকালে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, আপনি বিগত ১৪-১৯ মে ২০১৬ তারিখ 'পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ' চলমান অবস্থায় বিশেষ কার্যক্রমে অংশগ্রহণ করেননি। সেবা সপ্তাহ চলাকালীন বিগত ১৫/০৫/২০১৬ তারিখে উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মুন্সীগঞ্জ এবং ১৯/০৫/২০১৬ তারিখে মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা ও পরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, ঢাকা বিভাগ কর্তৃক উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সিরাজদিখান, মুন্সীগঞ্জ পরিদর্শনকালে আপনাকে অনুপস্থিত পাওয়া যায়;

যেহেতু, আপনি বিগত ১৭/০১/২০১৬, ১০/০৩/২০১৬, ১০/০৪/২০১৬, ০৪/০৫/২০১৬ তারিখে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। এছাড়া, 'স্বাস্থ্য সেবা ও প্রচার সপ্তাহ' উপলক্ষে বিগত ১২/০৫/২০১৬ তারিখে এবং বিগত ১৪/০৬/২০১৬, ১৪/০৭/২০১৬, ০২/০৮/২০১৬, ০৮/১২/২০১৬, ১৪/০৩/২০১৭, ০৭/০৬/২০১৭, ১০/০৯/২০১৭ ও ১১/১০/২০১৭ তারিখে অনুষ্ঠিত মাসিক সভা, সমন্বয় সভা ও বিশেষ সভায় বিনা অনুমতিতে অনুপস্থিত ছিলেন। আপনি উক্ত সভাসমূহে অনুপস্থিত থাকার কারণে সিরাজদিখান উপজেলার পরিবার পরিকল্পনা বিভাগের মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হয়নি, যা বিভাগীয় কার্যক্রমের ব্যাঘাত সৃষ্টি করেছে। আপনার এহেন অনুপস্থিতির জন্য একাধিক পত্রের মাধ্যমে আপনার নিকট ব্যাখ্যা চাওয়া হলেও আপনি কোন জবাব প্রদান করেননি;

যেহেতু, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিগত ৩০/০১/২০১৭ তারিখের পপ/প্র-ই/শৃং(শা-২)/৫৪/২০১৬/২৩ নম্বর স্মারকে আপনাকে কারণ দর্শানো নোটিশ জারি করে ৭ (সাত) কর্মদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য বলা হলে আপনি উক্ত নোটিশের কোন জবাব দাখিল করেননি। তদুপরি এ বিষয়ে বিগত ২৯/১১/২০১৭ তারিখে পপ/প্র-ই/শৃং(শা-২)/৫৪/২০১৬/৫১৭ নম্বর স্মারকে আপনাকে তাগিদপত্র দেয়া হলেও আপনি কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক বিগত ৩০/১২/২০১৭ হতে ০৪/০১/২০১৮ তারিখ পর্যন্ত 'পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ' উদযাপনকালে পালনকালে পরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, ঢাকা বিভাগ কর্তৃক বিগত ০১/০১/২০১৮ তারিখে উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সিরাজদিখান, মুন্সীগঞ্জ পরিদর্শনকালে আপনি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, আপনাকে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিগত ২৫/০১/২০১৮ তারিখের পপ/প্র-ই/শৃং(শা-২)/৫৪/২০১৬/৪৪ নম্বর স্মারকে অসদাচরণের দায়ে কারণ দর্শানো নোটিশ জারি করে ৭ (সাত) কর্মদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য বলা হলেও আপনি অদ্যাবধি উক্ত নোটিশের কোন জবাব দাখিল করেননি;

যেহেতু, আপনি বিগত ১৪/০২/২০১৮ তারিখে মুন্সীগঞ্জ জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় কর্তৃক আয়োজিত 'Data Quality Assurance' শীর্ষক Seminar এ অনুপস্থিত ছিলেন;


যেহেতু, আপনার এরূপ কার্যকলাপে পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম বাধাগ্রস্ত হয়েছে, বিভাগীয় ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে এবং পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রমে নেতিবাচক প্রভাব পরিলক্ষিত হয়েছে; এবং

যেহেতু, আপনার এহেন কার্যকলাপ 'সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) মোতাবেক 'অসদাচরণ (Misconduct)' হিসেবে গণ্য; যা শাস্তিযোগ্য অপরাধ।

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

সেহেতু, আপনাকে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) মোতাবেক 'অসদাচরণ (Misconduct)'-এর অভিযোগে অভিযুক্ত করা হলো। উক্ত অভিযোগের দায়ে কেন আপনাকে উল্লিখিত বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক 'চাকুরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)' দণ্ড প্রদান করা হবে না বা উপরোক্ত বিধিমালার আওতায় অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, সে সম্পর্কে আত্মপক্ষ সমর্থনে আপনার লিখিত জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। যে সকল অভিযোগের ওপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণয়ন করা হয়েছে, তার একটি বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে আগ্রহী কি-না, তাও আপনার লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

  
(জি. এম. সালেহ উদ্দিন)  
সচিব


ডাঃ জোবায়দা পারভীন  
মেডিকেল অফিসার (এমসিএইচ-এফগি), ফরিদগঞ্জ, চাঁদপুর।

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০১৮.১৮-০২/০(৬)

তারিখঃ ০৬/০১/২০১৯ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫  
(নোটিশটি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ, অভিযুক্ত কর্মকর্তার ই-মেইলে প্রেরণ এবং তাঁর সর্বশেষ জ্ঞাত কর্মস্থল, বাসস্থান ও স্থায়ী ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণপূর্বক (যদি বিলি না হয়ে থাকে সেক্ষেত্রে সর্বশেষ জ্ঞাত কর্মস্থল, বাসস্থান ও স্থায়ী ঠিকানায় লটকায় জারিকরণপূর্বক ফেরতখামসহ) তার প্রতিবেদন অত্র বিভাগে প্রেরণের অনুরোধসহ)।
- ২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫  
(তথ্যটি রেজিস্টার/কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হ'ল)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, চাঁদপুর/মুন্সীগঞ্জ।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
(নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণপূর্বক প্রতিবেদন অত্র শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৬। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ফরিদগঞ্জ, চাঁদপুর/সিরাজদিখান, মুন্সীগঞ্জ।

  
(মোহাম্মদ আলী)  
সহকারী সচিব  
ফোন-৯৫৪৫৬৬৭

## অভিযোগ বিবরণী

আপনি, ডাঃ জোবায়দা পারভীন, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), ফরিদগঞ্জ, চাঁদপুর (মুন্সীগঞ্জ জেলার সিরাজদিখান উপজেলায় কর্মকালীন) বিগত ২৫/০২/২০১৬, ০৫/০৫/২০১৬, ১৫/০৫/২০১৬, ০৫/০৬/২০১৬ এবং ৩১/০৭/২০১৬ তারিখে উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, মুন্সীগঞ্জ কর্তৃক সিরাজদিখান উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় পরিদর্শনকালে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন;

আপনি বিগত ১৪-১৯ মে ২০১৬ তারিখ 'পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ' চলমান অবস্থায় বিশেষ কার্যক্রমে অংশগ্রহণ করেননি। সেবা সপ্তাহ চলাকালীন বিগত ১৫/০৫/২০১৬ তারিখে উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মুন্সীগঞ্জ এবং ১৯/০৫/২০১৬ তারিখে মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা ও পরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, ঢাকা বিভাগ কর্তৃক উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সিরাজদিখান, মুন্সীগঞ্জ পরিদর্শনকালে আপনাকে অনুপস্থিত পাওয়া যায়;

আপনি বিগত ১৭/০১/২০১৬, ১০/০৩/২০১৬, ১০/০৪/২০১৬, ০৪/০৫/২০১৬ তারিখে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। এছাড়া, 'স্বাস্থ্য সেবা ও প্রচার সপ্তাহ' উপলক্ষে বিগত ১২/০৫/২০১৬ তারিখে এবং বিগত ১৪/০৬/২০১৬, ১৪/০৭/২০১৬, ০২/০৮/২০১৬, ০৮/১২/২০১৬, ১৪/০৩/২০১৭, ০৭/০৬/২০১৭, ১০/০৯/২০১৭ ও ১১/১০/২০১৭ তারিখে অনুষ্ঠিত মাসিক সভা, সমন্বয় সভা ও বিশেষ সভায় বিনা অনুমতিতে অনুপস্থিত ছিলেন। আপনি উক্ত সভাসমূহে অনুপস্থিত থাকার কারণে সিরাজদিখান উপজেলার পরিবার পরিকল্পনা বিভাগের মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হয়নি, যা বিভাগীয় কার্যক্রমের ব্যাঘাত সৃষ্টি করেছে। আপনার এহেন অনুপস্থিতির জন্য একাধিক পত্রের মাধ্যমে আপনার নিকট ব্যাখ্যা চাওয়া হলেও আপনি কোন জবাব প্রদান করেননি;

পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিগত ৩০/০১/২০১৭ তারিখের পপ/প্র-ই/শৃং(শা-২)/৫৪/২০১৬/২৩ নম্বর স্মারকে আপনাকে কারণ দর্শানো নোটিশ জারি করে ৭ (সাত) কর্মদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য বলা হলে আপনি উক্ত নোটিশের কোন জবাব দাখিল করেননি। তদুপরি এ বিষয়ে বিগত ২৯/১১/২০১৭ তারিখে পপ/প্র-ই/শৃং(শা-২)/৫৪/২০১৬/৫১৭ নম্বর স্মারকে আপনাকে তাগিদপত্র দেয়া হলেও আপনি কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;


পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক বিগত ৩০/১২/২০১৭ হতে ০৪/০১/২০১৮ তারিখ পর্যন্ত 'পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ' উদযাপনকালে পালনকালে পরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, ঢাকা বিভাগ কর্তৃক বিগত ০১/০১/২০১৮ তারিখে উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সিরাজদিখান, মুন্সীগঞ্জ পরিদর্শনকালে আপনি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন;

আপনাকে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিগত ২৫/০১/২০১৮ তারিখের পপ/প্র-ই/শৃং(শা-২)/৫৪/২০১৬/৪৪ নম্বর স্মারকে অসদাচরণের দায়ে কারণ দর্শানো নোটিশ জারি করে ৭ (সাত) কর্মদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য বলা হলেও আপনি অদ্যাবধি উক্ত নোটিশের কোন জবাব দাখিল করেননি;

আপনি বিগত ১৪/০১/২০১৮ তারিখে মুন্সীগঞ্জ জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় কর্তৃক আয়োজিত 'Data Quality Assurance' শীর্ষক Seminar এ অনুপস্থিত ছিলেন;

আপনার এরূপ কার্যকলাপে পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম বাধাগ্রস্ত হয়েছে, বিভাগীয় ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে এবং পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রমে নেতিবাচক প্রভাব পরিলক্ষিত হয়েছে; এবং

আপনার এহেন কার্যকলাপ 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) মোতাবেক 'অসদাচরণ (Misconduct)' হিসেবে গণ্য; যা শাস্তিযোগ্য অপরাধ।

  
(জি. এম. সালেহ উদ্দিন) ৩/১/২০১৮

সচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
শৃঙ্খলা শাখা

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০২০.১৮- ৫ ৬

তারিখঃ ০৫/০১/২০১৯ খ্রি.

বিষয়ঃ বেগম সাবিনা পারভীন, সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা) নিজ বেতনে, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মুন্সীগঞ্জ-এর বিরুদ্ধে উপস্থাপিত অভিযোগের ভিত্তিতে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও পলায়ন (Desertion)'-এর দায়ে বিভাগীয় মামলা রুজু।

অভিযোগনামা

যেহেতু, আপনি বেগম সাবিনা পারভীন, সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা) নিজ বেতনে, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মুন্সীগঞ্জ-কে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের গত ২৪/০৪/২০১৮ তারিখের ৫৯.০০.০০০০.১১০.১৯.০০২.১৮-১৫৩ নম্বর স্মারকে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপকরণ ও সরবরাহ ইউনিট থেকে মুন্সীগঞ্জ জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে বদলি করা হয়। উক্ত বদলিকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্ত আপনাকে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপকরণ ও সরবরাহ ইউনিট থেকে গত ০৩/০৫/২০১৮ তারিখের পপঅ/উঃ ও সঃ-১/২০০২/১৯২৪(অংশ-৩)/৪৯১৭ নম্বর স্মারকে ছাড়পত্র প্রদান করা হয়। তবে, আপনি গত ৩০/১০/২০১৮ তারিখ পর্যন্ত বদলিকৃত কর্মস্থলে যোগদান করেননি;

যেহেতু, আপনি শারীরিক অসুস্থতার জন্য গত ০৬/০৫/২০১৮ তারিখে স্বাক্ষরিত আবেদনে ২ (দুই) সপ্তাহের ছুটি মঞ্জুরির জন্য আবেদন করেন। উক্ত ছুটির আবেদনের সাথে প্রয়োজনীয় তথ্যাদি/কাগজপত্র সংযুক্ত না থাকায় পরিবার পরিকল্পনা অধিদপ্তরের গত ১৪/০৮/২০১৮ তারিখের পপ/শা-১/২ই-২৩/৯৯/২২০৩ নম্বর স্মারকে আপনার ছুটির আবেদন বিবেচনার সুযোগ নেই মর্মে জানিয়ে দেওয়া সত্ত্বেও আপনি বদলিকৃত কর্মস্থলে যোগদান করেননি;


যেহেতু, আপনাকে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের গত ৩০/০৮/২০১৮ তারিখের পপ/প্র-ই/শৃং(শা-২)/২৪০/ ২০১৮/৩৯৪ নম্বর স্মারকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলেও আপনি উক্ত নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, আপনার এহেন কার্যকলাপে পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম বিঘ্নিত হয়েছে; বিভাগীয় ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে; এবং

যেহেতু, আপনার এহেন কার্যকলাপ 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও পলায়ন (Desertion)' হিসেবে গণ্য; যা শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনাকে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও পলায়ন (Desertion)'-এর অভিযোগে অভিযুক্ত করা হলো। উক্ত অভিযোগের দায়ে কেন আপনাকে উল্লিখিত বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক 'চাকুরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)' দণ্ড প্রদান করা হবে না বা উপরোক্ত বিধিমালার আওতায় অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, সে সম্পর্কে আত্মপক্ষ সমর্থনে আপনার লিখিত জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। যে সকল অভিযোগের ওপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণয়ন করা হয়েছে, তার একটি বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে আগ্রহী কি-না, তাও আপনার লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

  
(জি. এম. সালেহ উদ্দিন)  
সচিব

বেগম সাবিনা পারভীন  
সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা)  
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মুন্সীগঞ্জ।


(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০২০.১৮- ০৬/১(৫)

তারিখঃ ০৬/০১/২০১৯ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫  
(নোটিশটি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অয়েবসাইটে প্রকাশ, অভিযুক্ত কর্মকর্তার ই-মেইলে প্রেরণ এবং তাঁর সর্বশেষ জ্ঞাত কর্মস্থল, বাসস্থান ও স্থায়ী ঠিকানায় রেজিষ্টার্ড ডাকযোগে প্রেরণপূর্বক (যদি বিলি না হয়ে থাকে সেক্ষেত্রে সর্বশেষ জ্ঞাত কর্মস্থল, বাসস্থান ও স্থায়ী ঠিকানায় লটকায় জারিকরণপূর্বক ফেরতখামসহ) তার প্রতিবেদন অত্র বিভাগে প্রেরণের অনুরোধসহ)।
- ২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫  
(তথ্যটি রেজিষ্টার/কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হ'ল)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মুন্সীগঞ্জ।
- ১৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
(নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণপূর্বক প্রতিবেদন অত্র শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।

  
(মোহাম্মদ আলী)  
সহকারী সচিব  
ফোন-৯৫৪৫৬৬৭

## অভিযোগ বিবরণী


আপনি, বেগম সাবিনা পারভীন, সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা) নিজ বেতনে, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মুন্সীগঞ্জ-কে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের গত ২৪/০৪/২০১৮ তারিখের ৫৯.০০.০০০০.১১০.১৯.০০২.১৮-১৫৩ নম্বর স্মারকে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপকরণ ও সরবরাহ ইউনিট থেকে মুন্সীগঞ্জ জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে বদলি করা হয়। উক্ত বদলিকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্ত আপনাকে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপকরণ ও সরবরাহ ইউনিট থেকে গত ০৩/০৫/২০১৮ তারিখের পপঅ/উঃ ও সঃ-১/২০০২/১৯২৪(অংশ-৩)/৪৯১৭ নম্বর স্মারকে ছাড়পত্র প্রদান করা হয়। তবে, আপনি গত ৩০/১০/২০১৮ তারিখ পর্যন্ত বদলিকৃত কর্মস্থলে যোগদান করেননি;

আপনি শারীরিক অসুস্থতার জন্য গত ০৬/০৫/২০১৮ তারিখে স্বাক্ষরিত আবেদনে ২ (দুই) সপ্তাহের ছুটি মঞ্জুরির জন্য আবেদন করেন। উক্ত ছুটির আবেদনের সাথে প্রয়োজনীয় তথ্যাদি/কাগজপত্র সংযুক্ত না থাকায় পরিবার পরিকল্পনা অধিদপ্তরের গত ১৪/০৮/২০১৮ তারিখের পপ/শা-১/২ই-২৩/৯৯/২২০৩ নম্বর স্মারকে আপনার ছুটির আবেদন বিবেচনার সুযোগ নেই মর্মে জানিয়ে দেওয়া সত্ত্বেও আপনি বদলিকৃত কর্মস্থলে যোগদান করেননি;

আপনাকে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের গত ৩০/০৮/২০১৮ তারিখের পপ/প্র-ই/শৃং(শা-২)/২৪০/২০১৮/৩৯৪ নম্বর স্মারকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলেও আপনি উক্ত নোটিশের জবাব প্রদান করেননি;

আপনার এহেন কার্যকলাপে পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম বিঘ্নিত হয়েছে; বিভাগীয় ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে; এবং

আপনার এহেন কার্যকলাপ 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও পলায়ন (Desertion)' হিসেবে গণ্য; যা শাস্তিযোগ্য অপরাধ।

  
(জি. এম. সালেহ উদ্দিন)

সচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়